



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Worksheet - 6  
Class - 2

Subject : Bengali Grammar  
Topic : বোধ পরীক্ষণ

Date : 22.07.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

দৈনিকের কাজ দৈনিক করা উচিত। পরে করব বলে কাজ ফেলে রাখা উচিত নয়। সৈনিক যেমন সময়ের কাজ সময়ে করে, আমাদেরও ঠিক তেমনই যে সময়ের যে কাজ, সেই সময়ে তা করা উচিত। নইলে হয়তো আর সে কাজ হয়ে উঠবে না।

শুধু হৈ-চৈ করে সময় কাটালে বা নিয়ম না মেনে চললে জীবনে বড় হওয়া যায় না। শৈশব থেকে নিয়মিত কাজ করার মতো মন তৈরি করতে হয়। দৈবে ভরসা করে বসে থাকতে নেই। তবেই জীবনে বড় হওয়া যায়। ভৈরববাবু তার একটি বড় উদাহরণ। তাঁর কত বৈভব।

ভৈরববাবুর ছেলে সৈকতের আজ পৈতে। তাই নৈহাটি থেকে কৈলাস এসেছে। সাথে এনেছে নৈনিতালের আলু। আলু দিয়ে তৈরি হবে পরটা। দৈ দিয়ে তা খাওয়া হবে।

- ১) কে সময়ের কাজ সময়ে করে?
- ২) কিসের ওপর ভরসা করে বসে থাকতে নেই?
- ৩) আজ কার পৈতে?
- ৪) নৈহাটি থেকে কে এসেছে?
- ৫) কিসের পরটা তৈরি হবে?
- ৬) কৈলাস সাথে কী এনেছে?
- ৭) শূন্যস্থান পূরণ কর :-

শুধু \_\_\_\_\_ করে সময় কাটালে বা \_\_\_\_\_ চললে জীবনে বড় হওয়া যায় না।

- ৮) অর্থ লেখ :- দৈব
- ৯) বিপরীত শব্দ লেখ :- নিয়ম
- ১০) বাক্য রচনা কর :- সৈনিক
- ১১) প্রতিশব্দ লেখ :- ছেলে
- ১২) পদ পরিবর্তন কর :- দৈনিক

Rita Das